গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্থাপন মন্ত্রণালয়
পরিবহন অধিশাখা
www.moestab.gov.bd

নং-০৫.১২১.০০.০০.০৪৮ ২০০৪(অংশ ১) ১০৯

তারিখঃ ৩০ চৈত্র, ১৪১৬
১৩ এপ্রিল, ২০১০

ঃ প্রজ্ঞাপন ঃ

বিষয়ঃ সরকারি যানবাহনে জ্বালানী ব্যবহার।

সরকারি যানবাহনে সিএনজি/জ্বালানী তেল ব্যবহার বিষয়ে সরকার নিম্নোক্ত সিদ্ধান্ত গ্রহণ করেছে ঃ-

১। সরকারি যানবাহনে এখন থেকে সিএনজি অথবা জ্বালানী তেল এর যে কোন একটি ব্যবহার করা যাবে। অধিকারপ্রাপ্ত সরকারি যানবাহনের ক্ষেত্রে সিএনজি/জ্বালানী তেলের প্রাপ্যতা নিম্নরূপ হবে ঃ

(ক) সিএনজি জ্বালানীর প্রাপ্যতা - গাড়ি প্রতি মাসিক ৩০০(তিনশত) ঘনমিটার ;

(১) সিএনজি চালিত যানে রূপান্তরিত ই.এফ.আই./এম.পি.এফ. আই. ইঞ্জিনের গাড়ি চালু করার জন্য মাসিক ৩০ (ত্রিশ) লিটার পেট্রোল/অকটেন বরাদ্দ করা যাবে ;

(২) সিএনজি চালিত যানে রূপান্তরিত কার্বিউরেটর ইঞ্জিনের গাড়ি চালু করার জন্য মাসিক ১৫ (পনের) লিটার পেট্রোল/অকটেন বরাদ্দ করা যাবে ;

(খ) জ্বালানী তেলের ক্ষেত্রে প্রাপ্যতা - গাড়ি প্রতি মাসিক ২০০(দুইশত) লিটার।

২। সরকারি ছুটি দুদিন হওয়াতে জরুরী অপারেশন ব্যতীত ব্যবহার না করে সকল অফিসের ক্ষেত্রে ১০% জ্বালানী ব্যয় হ্রাস করতে হবে।

৩। সংস্থাপন মন্ত্রণালয়ের ২৬/০৯/২০০৫ তারিখের সম(পরিঃ)-সিএনজি-১০/২০০৩-৫০১ এবং ১২/০৩/১৯৯৮ তারিখের সম(পরিঃ)প-১০/৯৭-১৩৭(২০০) নং প্রজ্ঞাপনদ্বয়ের আদেশ এতদ্বারা বাতিল করা হলো।

৪। জনস্বার্থে এ আদেশ জারী করা হলো এবং অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

১৩.৪.১০
(মাহমুদা খাতুন)
উপ-সচিব
ফোন নং- ৯৫৫৬০১০
dstransport@moestab.gov.bd.

বিতরণ ঃ

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/যুগ্ম সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
২। সচিব,..... মন্ত্রণালয়/বিভাগ (সকল)।
৩। মহা হিসাব নিয়ন্ত্রক, মহা হিসাব নিয়ন্ত্রকের কার্যালয়, সেগুনবাগিচা, ঢাকা।
৪। পরিবহন কমিশনার, সরকারি যানবাহন অধিদপ্তর, সচিবালয় লিংক রোড, ঢাকা।
৫। বিভাগীয় কমিশনার, ...(সকল)।
৬। সংস্থাপন মন্ত্রণালয়ের সকল অধিদপ্তর।
৭। জেলা প্রশাসক .....(সকল)।
৮। উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয় (বিশেষ গেজেট প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।

Local Dist (ED Letter-3-2009)